বান্দরবানে পৌরসভা কর্মকর্তা- কর্মচারীদের মোমবাতি প্রজ্জ্বলন

নিজস্ব প্রতিবেদক, বান্দরবান:

সরকারি কোষাগার থেকে বেতন-ভাতা ও পেনশনের দাবিতে বান্দরবানে মোমবাতি প্রজ্জ্বলন কর্মসূচি পালন করেছে পৌরসভার কর্মকর্তা- কর্মচারীরা।

বুধবার (৬ ডিসেম্বর) সন্ধ্যায় কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে বান্দরবান পৌরসভা অ্যাসোসিয়েশনের উদ্যোগে প্রেসক্লাবের সামনে ঘণ্টাব্যাপী এ কর্মসূচি পালন করা হয়।

এ সময় বক্তারা বলেন, সরকারি কোষাগার থেকে পৌরসভার কর্মকর্তা- কর্মচারীদের বেতন-ভাতা ও পেনশন দেওয়ার দাবিতে শান্তিপূর্ণ আন্দোলন চলছে। বর্তমানে কর্মকর্তা-কর্মচারীরা মানবেতর জীবনযাপন করছেন। এ সংকট নিরসনে সরকারকে দাবি মেনে নেওয়ার আহ্বান জানান তারা।